[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]?

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

ক্রিকবাজকে এ তথ্য দিয়েছে বিসিবির এক কর্মকর্তা। তিনি বলেছেন, ‘মাহমুদউল্লাহ অবসর নিতে রাজি হয়নি। সে জানিয়েছে, অবসরের জন্য সে প্রস্তুত নন। বরং আরও দুই বছর খেলতে চায়। জাতীয় দলে ফেরার চেষ্টা থাকবে তার।’

অর্থাৎ টি-টোয়েন্টি বিশ্বকাপের পরই বাংলাদেশ প্রিমিয়ার লিগ (বিপিএল)। এই টুর্নামেন্টে দারুণ পারফর্ম করেই তাকে ফের জাতীয় দলে ফিরতে হবে। কারণ, বিপিএলে পারফর্ম করেই বিশ্বকাপে সুযোগ পেয়েছেন নাজমুল হাসান শান্ত।

বিশ্বকাপে বাংলাদেশের দল ঘোষণা, নেই মাহমুদউল্লাহ

টি-টোয়েন্টি বিশ্বকাপ শুরু হতে আর বাকি ৩০ দিন। ইতোমধ্যে বিশ্বকাপের জন্য অস্ট্রেলিয়া, ইংল্যান্ড, দক্ষিণ আফ্রিকা, ভারত, নেদারল্যান্ডস, নামিবিয়া তাদের স্কোয়াড ঘোষণা করেছে। আজ বিশ্বকাপ স্কোয়াড ঘোষণা করল বাংলাদেশ।

সাকিব আল হাসানকে অধিনায়ক ও নুরুল হাসান সোহানকে সহঅধিনায়ক করে বিশ্বকাপের জন্য ১৫ সদস্যের দল ঘোষণা করেছে বাংলাদেশ। দলে আছেন সাব্বিরও। বাদ পড়েছেন মাহমুদউল্লাহ রিয়াদ, বিজয় ও নাঈম।

বুধবার (১৪ সেপ্টেম্বর) মিরপুর শেরেবাংলা স্টেডিয়ামে স্কোয়াড ঘোষণা করেন প্রধান নির্বাচক মিনহাজুল আবেদিন নান্নু।

বাংলাদেশের টি-টোয়েন্টি বিশ্বকাপ স্কোয়াড
সাকিব আল হাসান (অধিনায়ক), নুরুল হাসান সোহান (সহঅধিনায়ক), লিটন দাস, আফিফ হোসেন ধ্রুব, মোসাদ্দেক হোসেন সৈকত, ইয়াসির আলি রাব্বি, সাব্বির রহমান, মেহেদী হাসান মিরাজ, মোস্তাফিজুর রহমান, তাসকিন আহমেদ, এবাদত হোসেন, হাসান মাহমুদ, সাইফউদ্দিন, নাজমুল হোসেন শান্ত, নাসুম আহমেদ।

স্ট্যান্ড বাই : শরিফুল ইসলাম, রিশাদ হোসেন, শেখ মাহেদী হাসান ও

মেহেরপুরে অনলাইন জুয়ার দূর্গে হানা

গা ঢাকা দিয়েছে এজেন্টরা, কৌশলে অন্যত্র থেকে চালানো হচ্ছে লেনদেন, সর্বস্ব হারাচ্ছেন জুয়া খেলোয়াড়রা

মেহেরপুর জেলা থেকে দুই শতাধিক এজেন্ট অনলাইন জুয়া সাইটের মাধ্যমে রাশিয়াসহ দেশের বিভিন্ন স্থানে পাচার করছেন প্রায় ৪০০ কোটি টাকা। আর এই অনলাইন জুয়ার সাথে জড়িত মেহেরপুরের সরকার দলীয় কয়েকজন শীর্ষস্থানীয় রাজনৈতিক নেতা, মুজিবনগরের একজন প্রভাবশালী ইউপি চেয়ারম্যান, সরকার সমর্থিত ছাত্র সংগঠনের কয়েকজন শীর্ষ নেতা, প্রশাসনের দু একজন কর্মকর্তা, স্কুল ও কলেজের কয়েকজন শিক্ষক, ব্যবসায়ী ও বিভিন্ন শ্রেনীর প্রায় দুই শতাধিক ব্যক্তি।

কয়েকজন পুলিশ কর্মকর্তা, কিছু রাজনৈতিক নেতা এবং কয়েকজন সাংবাদিক নিয়মিত মাসোহারা নেন অনলাইন জুয়াড় সাথে জড়িত এজেন্টদের সাথে। তাদের মাসোহারা দিয়ে দেদারছে জুয়া খেলে কোটি বনে যাচ্ছেন এসব এজেন্টরা। আর পথে বসছেন হাজার হাজার তরুণসহ জুয়া খেলার জড়িত ব্যক্তিরা। মেহেরপুর প্রতিদিনের অনুসন্ধানীতে এসব তথ্য পাওয়া গেছে। সামাজিক মর্যাদার কারণে ক্ষতিগ্রস্থদের নাম পরিচয় দেওয়া হলো না।

অনুসন্ধানে জানা গেছে, সঠিক নজরদারি না থাকায় অনলাইন প্ল্যাটফর্ম ব্যবহার করে প্রতিদিনই কোটি টাকা পাচার হচ্ছে দেশের বাহিরে। এতে রাষ্ট্রের অর্থনৈতিক ক্ষতির পাশাপাশি বিপথে যাচ্ছেন তরুণ ও যুবকরা। গত এক মাসে শুধুমাত্র একটি সিম (এজেন্ট) থেকে লেনদেন হয়েছে এক কোটি ৪৩ লাখ টাকা। সম্প্রতি জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) ও সাইবার ক্রাইম ইনভেস্টেগেশন সেল যৌথভাবে অভিযান চালিয়ে ইতোমধ্যে মুজিবনগর উপজেলার কোমরপুর গ্রামের বাদল হালদারের ছেলে নিমাই হালদার ও গোপালপুর দক্ষিণপাড়া এলাকার খলিলুর রহমানের ছেলে বদরুদ্দোজা ওরফে রয়েল (৩৬) ডিবি পুলিশের হাতে ধরা পড়লে তাদের

কাছ থেকে এমন তথ্য জানতে পারে জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) ও সাইবার ক্রাইম ইনভেস্টেগেশন সেল।

মেহেরপুর জেলার বিভিন্ন স্থানে অনলাইন জুয়া নিয়ে অনুসন্ধান এবং কয়েকটি গোয়েন্দা সংস্থার রিপোর্টে অনলাইন জুয়া নিয়ে উঠে এসেছে নানা তথ্য। সম্প্রতি সাইবার ক্রাইম বিভাগ একটি মামলা করেছেন।

মামলার এজাহারে জানা গেছে, বদরুদ্দোজা ওরফে রয়েলকে জিজ্ঞাসাবাদে সাইবার ক্রাইমকে জানিয়েছে, মেহেরপুর জেলাসহ বাংলাদেশে অনলাইন জুয়ার (ওয়ানএক্সবেট) এর মাষ্টার এজেন্ট কোমরপুর গ্রামের কোমরপুর গ্রামের সোনা গাইনের ছেলে মাহফুজুর রহমান ওরফে নবাব। এছাড়া এই সাইটের নবাবের নেতৃত্বে রয়েছে অনলাইন জুয়ার সাথে রয়েছে আরো ১৫ জন সাব এজেন্ট। যাদের নামে মামলাও হয়েছে। তারা হলেন, গোপালপুর গ্রামের আমিরুল ইসলামের ছেলে শিশির বিশ্বাস, বিল্লাল গড়াইয়ের ছেলে দিপু, কোমরপুর গ্রামের বিলু সর্দারের ছেলে শামীম, একই গ্রামের আনারুল মিয়ার ছেলে রুবেল, টঙ্গীর শরিফের ছেলে পলাশ, মুজিবনগরের শিবপুরের মৃত শাহাজুলের ছেলে বিজয়, একই গ্রামের জিনারুলের ছেলে লিপু গাজী, মোনাখালী গ্রামের আজহারুলের ছেলে মিলন, সাইদুর রহমান খোকনের ছেলে সাগর, কোমরপুর গ্রামের বাশার বিশ্বাসের ছেলে সজীব, ভাটপাড়া গ্রামের মৃত সিরাজ মণ্ডলের ছেলে বাবু, মেহেরপুর শহরের স্টেডিয়াম পাড়ার বখতিয়ার মাস্টারের ছেলে রুবেল, গাংনীর গাড়াডোব গ্রামের মৃত কিয়াম উদ্দিনের ছেলে আনোয়ার।

মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ ও সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল একের পর এক অনলাইন জুঁয়ার দূর্গে হানা দেওয়া শুরু করেছেন।

মুজিবনগর উপজেলার কোমরপুর গ্রামে অভিযান চালিয়ে ইতোমধ্যে দুই জুয়াড়িকে আটক করে জেল হাজতে প্রেরণ করেছেন। বাকিদের আটক অভিযান অব্যাহত রয়েছে। এদিকে ডিবির অভিযানে ওই দুই জুয়াড়ি গ্রেফতারের পর বাকিরা এলাকা থেকে গাঁ ঢাকা দিয়েছে বলে জানান ডিবি পুলিশের একটি সুত্র।

গোয়েন্দা সংসস্থার মতে, মেহেরপুর জেলাতে কোনোভাবেই লাগাম টানা যাচ্ছেনা অনলাইন জুয়ার। রাতারাতিই কোটিপতি বনে যাচ্ছেন অনেকে। জুয়াড়িরা বিভিন্ন অ্যাপস ও সাইট ব্যবহার করে অনলাইনে বিভিন্ন গেমিং বেটিং বা বাজি খেলার সাইটে জুয়ায় মেতে উঠেছে।

বিট কয়েন বা ডিজিটাল মুদ্রার (ক্রিপ্টোকারেনসি) মাধ্যমে অনলাইনে জুয়া খেলা হয়। অবৈধ পন্থায় ডিজিটাল মুদ্রা কেনাবেচার লেনদেনে দুই বছরে বছরে প্রায় ১০ থেকে ১২ হাজার কোটি টাকা পাচার হয়েছে বলে অনুমান করছে সরকারের গোয়েন্দা সংস্থাগুলো।

রাশিয়াসহ বেশ কয়েকটি দেশে এই টাকা পাচার হয়েছে বলে জানান সংস্থ্যাগুলো।
রাশিয়া থেকে পরিচালিত এসব অনলাইন জুয়ার সাইট ও অ্যাপস তাদের এজেন্টদের মাধ্যমে ছড়িয়ে পড়েছে মেহেরপুর জেলা শহর থেকে প্রত্যন্ত গ্রাম পর্যায়ে পর্যন্ত। এসব জুয়ার সাইট ও অ্যাপস ভার্চুয়ালি জুয়া খেলায় একেকটি এজেন্টের মাধ্যমে মাসে ৩ থেকে ৪ কোটি টাকা বিদেশে পাচার হয়ে যাচ্ছে।

এর মধ্যে পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি), সাইবার ক্রাইম ইনভেস্টেগেশন সেল অনলাইন জুয়া চক্রের দুই সক্রিয় সদস্যকে গ্রেফতার করেছে। ইতোমধ্যে জেলার অনলাইন জুয়ার সাথে জড়িত জুয়াড়িদের একটি তালিকাও প্রস্তুত করেছেন। অনলাইন জুয়া বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নিতেও তারা কাজ শুরু করেছেন।

জানা গেছে, অনলাইনে জুয়া খেলা পরিচালনার জন্য (ওয়ানএক্সবিট, বেট ৩৬৫ ডটকম, প্লেবেট ৩৬৫ ডটকম, বিডিটি ১০ ডটকম, উইনস ৬৫ ডটকম ও বেটস্কোর২৪ ডটকমসহ ২৩০ টি সাইটের মাধ্যমে এই জুয়া খেলা পরিচালিত হচ্ছে।
সুত্রটি জানান, মেহেরপুর জেলার অনলাইন জুয়ার এই চক্রটির মাধ্যমে প্রতিমাসে ৩৮০ থেকে ৪০০ কোটি টাকা বিদেশে পাচার হচ্ছে। সে হিসেবে বছরে হাজার হাজার কোটি টাকার বেশি অর্থ পাচার হচ্ছে। যেটি অবৈধভাবে হুন্ডির মাধ্যমে যাচ্ছে বিদেশে।

জেলা পুলিশের এক কর্মকর্তা জানান, রয়েল নামের ওই অনলাইন জুয়াড়িকে গ্রেফতারের পর দায়ের করা হয় মামলা। মামলাটি তদন্তের একপর্যায়ে এই চক্রের সদস্যদের অবস্থান সম্পর্কে জানা যায়। জিজ্ঞাসাবাদে বেরিয়ে আসে গুরুত্বপূর্ণ নানা তথ্য, তাদের ২৩০টি জুয়ার সাইটের মালিক ও তাদের এজেন্ট সম্পর্কে নানা তথ্য পাওয়া গেছে।

মেহেরপুরে জেলা শহরসহ মুজিবনগর এলাকার তরুণদের বড় অংশই এখন জুয়ার সাইট পরিচালনায় যুক্ত।
তিনি আরো জানান, একজন জুয়াড়ি মোবাইল নম্বর, ইমেইলের মাধ্যমে এই বেটিং সাইট ওপেন করেন। অ্যাকাউন্টের বিপরীতে একটি ই-ওয়ালেট তৈরি

হয় যাকে জুয়াড়িরা ইউএসডিটি বলে। শুরুতে এর ব্যালান্স শূন্য থাকে। ওয়ালেটে ব্যালান্স যোগ করার জন্য অনেক মাধ্যম রয়েছে। এর মধ্যে বিকাশ, নগদ, রকেট, উপায় এবং ট্রাস্ট এজিয়াটা অন্যতম। এগুলোর যেকোনো একটি বেছে নিলে সেখানে একটি এজেন্ট নাম্বার দেখায় যেখানে ন্যূনতম ৫০০ টাকা দিলে কিছুক্ষণের মধ্যে ই-ওয়ালেট বা ইউএসডিটি ব্যালান্স যুক্ত হয়ে যায়। এ টাকা অথবা ব্যালান্স দিয়ে তিনি পরবর্তীতে জুয়া খেলতে পারেন। প্রতিটি এজেন্ট আগে ৬শতাংশ কমিশন পেতেন। এখন চ্যালেঞ্জিং হয়ে যাওয়ায় এজেন্ট ধরে রাখতে তারা ৯ শতাংশ কমিশন পায়।
মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের (ডিবি) ওসি সাইফুল ইসলাম বলেন, অনলাইন জুয়ার সাথে জড়িত দুই এজেন্টকে আটক করা হয়েছে। জড়িতদের আটকে অভিযান চলছে। অভিযানের পর থেকে এজেন্টরা গা ঢাকা দিয়েছেন।

এছাড়া মেহেরপুর প্রতিদিনের অনুসন্ধানেও উঠে এসেছে মেহেরপুর শহর, মুজিবনগরের কোমরপুর, গাংনী শহর, তেরাইল, সদরের সাহেবপুর, ইসলামপুরসহ বেশ কয়েকিট এলাকার দুই ডজন অনলাইন এজেন্টের তথ্য। পরবর্তি পর্বে থাকবে সে অনুসন্ধানের বিস্তারিত।

মেহেরপুরে কাবাডি খেলোয়াড় ট্রাকের ধাক্কায় আহত

মেহেরপুরে ট্রাকের ধাক্কায় পা হারাতে বসেছে রজনি খাতুন(১৬)নামের এক কাবাডি খেলোয়াড়।

আহত রজনি খাতুন মেহেরপুর সদর উপজেলার আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয় থেকে এবছর এসএসসি পরীক্ষার্থী। বর্তমানে সে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন।

আজ সোমবার (১২ সেপ্টেম্বর) দুপুরের দিকে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের দারুসসালাম ক্লিনিকের সামনে এ দূর্ঘটনা ঘটে।

জানা গেছে, মেহেরপুর জেলা জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির উদ্যোগে আন্ত: জেলা ৪৯ তম গ্রীষ্মকালীন

ক্রীড়া প্রতিযোগিতা মেয়েদের কাবাডি খেলা প্রতিযোগীতায় আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয় জেলা পর্যায়ের ফাইনাল খেলার যোগ্যতা অর্জন করে। বিদ্যালয়ের এসব খেলোয়াড় একটি আলগামন যোগে বিদ্যালয়ে ফিরছিলেন। হঠাৎ একটি ট্রাক তাদের আলগামনকে ধাক্কা দিলে রজনি খাতুনের ডান পায়ের মাংস খসে যায়। এসময় তাকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে নিয়ে আসেন। বর্তমানে সেখানেই চিকিৎসাধীন রয়েছেন।

মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালের জরুরি বিভাগে কর্মরত চিকিৎসক তারিক জানান, রজনি খাতুনের ডান পায়ের ক্ষত হয়েছে। ভর্তি রেখে তাকে চিকিৎসা দেওয়া হচ্ছে।তবে এখন আশংকামুক্ত।

চুয়াডাঙ্গার খাড়াগোদায় কাবাডি খেলা নিয়ে সংঘর্ষ ২ শিক্ষকসহ আহত ৩

চুয়াডাঙ্গার দর্শনা থানার গড়াইটুপি ইউনিয়নের খাড়াগোদা মাধ্যমিক বিদ্যালয়ে কাবাডি খেলা নিয়ে তর্কবির্তকের কারনে প্রধান শিক্ষক নাহারুল ইসলামের বিরুদ্ধে বিদ্যালয়ের ক্রীড়া শিক্ষক ও ল্যাব এসিস্ট্যান্টকে মারধরের অভিযোগ উঠেছে। গতকাল রোববার দুপুর আনুমানিক ১ টার দিকে ।পরে উত্তেজিত ছাত্র শিক্ষকদের পুলিশ গিয়ে শান্ত করেন।

জানাগেছে,চুয়াডাঙ্গা সদর উপজেলার গড়াইটুপি ইউনিয়নের খাড়াগোদা মাধ্যমিক বিদ্যালয়ের আগামীকাল সোমবার চুয়াডাঙ্গার ঝিনুক মাধ্যমিক বিদ্যালয়ের কাবাডি থানা পর্যায়ের খেলা অনুষ্ঠিত হওয়ার কথা ছিলো। এজন্য শিক্ষকের কক্ষে যান।এ সময় প্রধান শিক্ষক এর আগেও খেলোয়াড়দের নিয়ে বিড়ম্বনা কথা বলে ক্রীড়াশিক্ষককে এসে খেলার মাঠে খেলোয়াড়দের নিয়ে যাবার কথা বলে।

অপরদিকে প্রধান শিক্ষক নাহারুল ইসলাম পুরনো খরচপাতির কথা তুলে ধরে খেলায় অংশগ্রহণ করতে অনিহার ভাব প্রকাশ করে।

পরে নিয়ে তর্কবিতর্কের একপর্যায়ে প্রধান শিক্ষক সোয়েব হোসেনকে স্কেল দিয়ে মারধর করে। পরে ঠেকাতে গিয়ে শামীম রেজা নামের আরেক শিক্ষ হালকা চোট পায়।অপরদিকে প্রধান শিশিক্ষককে মূর্খ বলে নিজের দোষ স্বীকার করেন ক্রীড়া শিক্ষক। এজন্য তাকে মারধর করে।

এ বিষয়ে বিদ্যালয়ের সভাপতি খালেকুজ্জামান মাস্টার বলেন,আমি ঘটনার পরে স্কুলে গিয়ে উভয়পক্ষের সাথে কথা বলে আগামীকাল খেলা থাকার কারনে স্থানীয় চেয়ারম্যানসহ আমরা বসে একটা সমাধান করার চেষ্টা করবো।

এদিকে স্থানীয়রা মাছুরা খাতুন টুনি নামের সংবাদকর্মীকে মোবাইল ছিনিয়ে মারধর করা হয়েছে বলে জানিয়েছেন ওই সংবাদকর্মী।তবে তারা বলেছেন পক্ষপাতিত্বমূলক কথা বলার জন্য তাকে উত্তেজিতরা এ ঘটনা ঘটায়।

তবে এ ঘটনায় দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবির বলেন খাড়াগোদা মাধ্যমিক বিদ্যালয়ের খেলা নিয়ে সংঘর্ষ হয়েছে তবে কোন শিক্ষক অভিযোগ করেননি।তবে এ ঘটনায় মাছুরা টুনি নামের একজন অভিযোগ করেছে।

গাংনীতে গ্রীষ্মকালীন ফাইনাল খেলায় প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

৪৯ তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরী শিক্ষা গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

গতকাল শনিবার (১০ সেপ্টেম্বর) বিকেল ৪ টার সময় গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ও উপজেলা স্কুল ক্রীড়া সমিতির আয়োজনে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় ফুটবল মাঠে ফুটবল প্রতিযোগিতার ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

বর্শিবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় বালক ফুটবল দল উপজেলা চ্যাম্পিয়ন

সদর উপজেলা জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির ৪৯ তম গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার ফাইনাল খেলায় বিজয়ীদের মাঝে আনুষ্ঠানিকভাবে পুরস্কার বিতরণ ও সমাপনি অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার (১০ সেপ্টেম্বর) দুপুরের দিকে সদর উপজেলার ঝাউবাড়িয়া ফুটবল মাঠে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম।

সদর উপজেলা শিক্ষা অফিসার আনোয়ার হোসেনের সভাপতিত্বে পুরস্কার বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিতছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আবুল হাশেম, বীর মুক্তিযোদ্ধা আব্দুর রব বিশ্বা স।

এসময় উপস্থিত ছিলেন, ঝাউবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিয়ারুল ইসলাম, গোপালপুর মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক আবুল কাশেম, সীমান্তে মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কালাম আজাদ, মোমিনপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাব্বারুল ইসলাম, আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহাম্মদ আলী প্রমূখ ।

জাতীয় স্কুল,মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির উদ্যোগে ৪৯ তম গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতায় ফুটবলগ্রুপে উপজেলা পর্যায়ে চ্যাম্পিয়ন হয়েছে বর্শিবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় দল। দাবা বালিকাতে চ্যাম্পিয়ন মেহেরপুর সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়ের ছাত্রী সাদিয়া তাবাচ্ছুম, দাবা বালকে চ্যাম্পিয়ন হয়েছে মেহেরপুর সরকারি উচ্ছ বালক বিদ্যালয়ের ছাত্র তানজীফ রহমান, ফুটবল বালিকাতে চ্যাম্পিয়ন হয়েছে মেহেরপুর সরকারি উচ্ছ বালিকা বিদ্যালয় ফুটবল দল, হ্যান্ডবল বালিকাতে চ্যাম্পিয়ন হয়েছে মোমিনপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় দল, হ্যান্ডবল বালকে চ্যাম্পিয়ন হয়েছে মেহেরপুর সরকারি উচ্ছ বালক বিদ্যালয় দল, কাবাডি বালিকাতে চ্যাম্পিয়ন হয়েছে আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয় দল,

কাবাডি বালকে চ্যাম্পিয়ন হয়েছে আমঝুপি মাধ্যমিক বিদ্যালয় দল, রিলেরেসে চ্যাম্পিয়ন হয়েছে ঝাউবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় দল।

ধর্ষণের অভিযোগে নেপালের অধিনায়কের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা

নেপাল জাতীয় ক্রিকেট দলের অধিনায়ক সন্দীপ লামিছানের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছেন দেশটির একটি আদালত।

এর আগে এ ক্রিকেটারের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ আনা হয়।

নেপাল পুলিশের মুখপাত্র তেক প্রসাদ রাই সংবাদমাধ্যম কাঠমান্ডু পোস্টকে বলেন, দুদিন আগে অভিভাবককে সঙ্গে নিয়ে থানায় লামিছানের বিরুদ্ধে ধর্ষণের লিখিত অভিযোগ করেন ১৭ বছর বয়সি এক তরুণী।

ওই তরুণীর অভিযোগ, সামাজিক যোগাযোগমাধ্যম ‘স্ন্যাপচ্যাট’-এ লামিছানের সঙ্গে তার পরিচয় হয়। দুজনের মধ্যে বন্ধুত্বের সম্পর্ক গড়ে ওঠে। এরপর তাকে ভুলিয়ে ভালিয়ে গত ২১ আগস্ট ভক্তপুরে কাঠমান্ডুর একটি হোটেলে তাকে নিয়ে যায় লামিছানে। রাতে ওই কিশোরী মধ্য বানেশ্বরে নিজের হোস্টেলে ফিরে যেতে চাইলেও লামিছানে বাধা দেন। আর সেখানে একটি কক্ষে তরুণীকে দুবার ধর্ষণ করেন লামিছানে।

হোস্টেল আটটার মধ্যে বন্ধ হয়ে যাওয়ায় হোটেলে লামিছানের সঙ্গে রাত কাটাতে বাধ্য হন বলে জানান ওই তরুণী।

অভিযোগের পর পর মেডিকেল পরীক্ষার জন্য তরুণীকে ‘ওয়ান ডোর ক্রাইসিস ম্যানেজমেন্ট সেন্টারে’ নিয়ে যাওয়া হয় পরীক্ষার ফল এখনো হাতে আসেনি পুলিশের। তার আগেই লামিছানেকে গ্রেফতারের নির্দেশ দেন আদালত।

এ নির্দেশের সময় নেপালে নেই লামিছানে। বর্তমানে ক্যারিবিয়ান

প্রিমিয়ার লিগে (সিপিএল) জ্যামাইকা তালাওয়াসের হয়ে খেলছেন ২২ বছর বয়সি লেগ-স্পিনার। তাই এ ক্রিকেটারকে জামাইকায় গিয়ে গ্রেফতার করা হবে নাকি দেশে ফিরলে, সে সম্পর্কে কোনো তথ্য জানায়নি নেপাল পুলিশ।

তবে পুরো প্রতিযোগিতা না খেলে লামিছানের দেশে ফেরার সম্ভাবনাও কম।

এদিকে গ্রেফতারি পরোয়ানা জারি হওয়ার পর ক্রিকেট অ্যাসোসিয়েশন অব নেপাল (সিএএন) জাতীয় দলের অধিনায়ককে নিষিদ্ধ করেছে।

প্রসঙ্গত, নেপালের ক্রিকেটের পোস্টার বয় লামিছানে। তিনিই নেপালের একমাত্র ক্রিকেটার যিনি আইপিএলে খেলেছেন। ২০১৮ সালে দিল্লির হয়ে বিরাট কোহলির রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরুর বিপক্ষে অভিষেক হয় তার।

সে টুর্নামেন্টে তিন ম্যাচ খেলে ৫ উইকেট নেন তিনি। পরের বছর দিল্লির হয়ে ছ’টি ম্যাচ খেলেন লামিছানে। নেন আটটি উইকেট। ২০২০ সালে তাকে ছেড়ে দেয় দিল্লি।

তার পরে আর আইপিএলে খেলার সুযোগ না পেলেও বিশ্বময় আন্তর্জাতিক টি-টোয়েন্টি লিগে তার কদর বাড়ে বহুগুণে।

২০২১ সালে নেপালের জাতীয় দলের অধিনায়ক জ্ঞানেন্দ্র মল্লকে শৃঙ্খলাভঙ্গের অভিযোগে দল থেকে বাদ দেওয়া হয়। সেই জায়গায় দলের অধিনায়ক করা হয় লামিছানেকে।

বিজয়ী দলকে মহিষ ও রানার্স আপ দলকে গরু প্রদান

মেহেরপুরের গোভীপুর ভৈরব ক্লাব আয়োজিত ফুটবল টুর্নামেন্ট-২০২২ এর ফাইনাল খেলা শুক্রবার বিকালে গোভিপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত হয়েছে।

ফাইনাল খেলায় ফতেপুর একাদশ টাইব্রেকারে ৬-৫ গোলে শক্তিশালী নাবিলা এন্টারপ্রাইজকে পরাজিত করে শিরোপা জিতে নেয়।

বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান শাহজামানের সভাপতিত্বে অনুষ্ঠিত ফুটবল খেলার পুরুস্কার বিতরনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন দোদুল এমপি। বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা প্রশাসক ড. মুনসুর আলম খান, পুলিশ সুপার মো: রাফিউল আলম।

ফাইনাল খেলাটি নির্ধারিত সময়ে কোনো দলই গোল করতে না পারায় শেষ পর্যন্ত টাইব্রেকারের আশ্রয় নিতে হয়।
টাইব্রেকারে উভয় দলই ৭টি করে কেক নিয়ে ফতেপুর ৬টি এবং নাবিলা এন্টারপ্রাইজ ৫টি গোল করেন। ফতেপুর এর পক্ষে বিপা, কবীর,সুমন, বাল্লু, সবুজ এবং মাসুদ গোল করেন।

ফতেপুর এর আরিফের কিক বারে লেগে বাইরে চলে আসে। অপরদিকে নাবিলার পক্ষে হাসিব, রাজা, ওমর জাহিদ এবং রিয়াদ গোল করলেও দলের শামীম এবং রনির কিক বারে লেগে বাইরে চলে যায়।

খেলায় বিজয়ী দলের গোলরক্ষক জিয়া সেরা গোলরক্ষক, বিপা সেরা খেলোয়াড়। এবং রিজন ম্যান অব দ্য ম্যাচ নির্বাচিত হন। সজীব স্পোর্টস এর পক্ষ থেকে ম্যান অব দ্য ম্যাচ পুরস্কার দেওয়া হয়।

খেলা পরিচালনা করেন সুমন তাকে সহযোগিতা করেন আলমগীর হোসেন লালটু এবং জাহাঙ্গীর হোসেন।

গোভিপুর মাঠে অনুষ্ঠিত গোভিপুর ভৈরব ক্লাব কাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা দেখার জন্য এলাকার হাজার হাজার দর্শক মাঠে উপস্থিত হন।

খেলায় বিজয়ী দলকে একটি মহিষ ও বিজীত দলকে একটি গরু উপহার দেয়া হয়।

ফুটবলে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের বালিকা দল ফাইনালে

গাংনী উপজেলা জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির উদ্যোগে ৪৯ তম গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার ফুটবল বালিকাতে বামন্দী মাধ্যমিক বিদ্যালয়কে ১-০ গোলে পরাজিত করে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের বালিকা দল বিজয়ী হয়। একই দিন ফাইনাল খেলায় জোতি মাধ্যমিক বিদ্যালয়কে ৭-৬ গোলে পরাজিত করে বিজয় অর্জন করে।

শুক্রবার সকালে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়।

এদিকে মেহেরপুর সদর উপজেলা জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির উদ্যোগে ৪৯ তম গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার ফুটবলে ঝাউবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়, আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়,কামদেবপুর মাধ্যমিক বিদ্যালয় এবং মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ কোয়াটার ফাইনাল খেলার যোগ্যতা অর্জন করেছে।

শুক্রবার (৯ সেপ্টেম্বন) সকালে ঝাউবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত খেলায় ঝাউবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় ১-০ গোলে কে আর আর এস মাধ্যমিক বিদ্যালয়কে।আমঝুপি মাধ্যমিক বিদ্যালয় ২-০ গোলে বলিয়ারপুর মাধ্যমিক বিদ্যালয়কে। কামদেবপুর মাধ্যমিক বিদ্যালয় ১-০ গোলে কলমিজোল মাধ্যমিক বিদ্যালয়কে এবং মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ ২-০ গোলে আমঝুপি আলিম মাদ্রাসাকে পরাজিত করে কোয়াটার ফাইনালে উঠেছে।